চুয়াডাঙ্গায় মাথাভাঙ্গা সেতুর নির্মান কাজের উদ্বোধন

প্রায় ২৩ কোটি টাকা ব্যয়ে চুয়াডাঙ্গা মাথাভাঙ্গা সেতুর নির্মাণ কাজ শুরু করা হয়েছে। শনিবার সকালে শহরের হাসান চত্বরে সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। আগামী দুই বছরের মধ্যে ১৪০ মিটার দৈর্ঘ্য ও ১২.২৫ মিটার প্রস্থের সেতুর নির্মাণ কাজ শেষ করা হবে।

পুরানো মাথাভাঙ্গা সেতুর উত্তর পাশে নির্মাণ করা হচ্ছে নতুন এই সেতুটি। এর ফলে মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার সাথে ঢাকার নিরবিচ্ছিন্ন যোগাযোগ পুনঃস্থাপন হবে। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী শওকত আহমেদ, জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন সহ স্থানীয় আওয়ামীলীগের নেতৃবৃন্দ ও ঠিকাদাররা।

২০১৫ সালে পুরনো মাথাভাঙ্গা সেতুর মাঝখানে ভাঙন দেখা দেয়। তারপর থেকেই ভারী যানবাহন চলাচলে নিষাধাজ্ঞা জারী করে স্থানীয় সড়ক বিভাগ। এরপর চলতি বছরের ১২ জুন আবারো ফাটল দেখা দেয় সেতুতে। প্রায় দুই মাস বন্ধ থাকে সব ধরনের যান চলাচল। সেই পুরনো সেতুর পাশ দিয়েই নতুন মাথাভাঙ্গা সেতুর নির্মাণ কাজ শুরু হলো।

চুয়াডাঙ্গা প্রতিনিধি:

মুজিবনগরে টানা বর্ষনে উঠতি ফসলের ব্যাপক ক্ষতি

রেজাউল করিম , মুজিবনগর:
মেহেরপুরের মুজিবনগরে টানা চার দিনের বর্ষনে জন জীবন বিপর্যস্ত।

গত বুধবার থেকে কখনো থেমে থেমে আবার কখনো অঝোরে বৃষ্টি হচ্ছে। প্রয়োজন ছাড়া মানুষ ঘর থেকে বের হচ্ছে না। সূর্যের মুখ দেখা মেলেনি এই পাঁচ দিনে। রাস্তাঘাট কর্দমাক্ত হয়ে স্বাভাবিক চলাচলে ব্যাঘাত ঘটছে। স্কুল, কলেজ মাদ্রাসাগামী শিক্ষার্থীদের উপস্থিতি খুবই নগন্য ছিল।

দিন মজুররা তাদের শ্রম বিক্রি করতে না পেরে মানবেতর জীবন যাপন করতে হচ্ছে। উপজেলার সোনাপুর গ্রামের বাসিন্দা জনাব আলী (৬৫) জানান বৃষ্টির কারনে প্রধান খাদ্য শস্য ধান সহ ফসলী জমির ব্যাপক ক্ষতি হয়েছে। শীতকালীন সবজি চাষীরা ক্ষতির সম্মূখীন হয়েছে। যার ফলে সবজির বাজার লাগামহীন ভাবে চলছে।

বিশেষজ্ঞদের ধারনা জলবায়ু পরিবর্তনের কারনে এ ধরনের বৃষ্টি হচ্ছে। সোনাপুর বাজারের পেয়াজু বিক্রেতা লিয়াকত আলী জানান, টানা বৃষ্টির কারনে মানুষ ঘর থেকে বের হতে পারছেনা যাতে করে পিয়াজু বিক্রি আগের তুলনায় অনেক কম হচ্ছে। পিয়াজু বিক্রি না করতে পেরে সংসার চালাতে হিমশিম খেতে হচ্ছে। বাগোয়ান গ্রামের আনিসুর রহমান জানান চার দিনের বর্ষনে ফসলের ব্যাপক ক্ষতি হওয়ায় স্থানীয় কৃষকরা দিশেহারা হয়ে পরেছে। বুধ বৃহসপ্রতি, শুক্র, শনিবার অবিরাম বর্ষনে মুজিবনগর উপজেলার বিভিন্ন এলাকার ধান ক্ষেতে পানি জমে যাওয়া এবং ধান গাছ মাটিতে শুয়ে পড়ায় পাকা আউস ধানের ব্যাপক ক্ষতি হয়েছে। এ ছাড়া শীতকালীন বিভিন্ন সবজি ক্ষেতে বৃষ্টির পানি জমে সবজি নষ্ট হতে চলেছে।

এতে লাখ লাখ টাকার ক্ষতি হবে বলে ধারণা করা হচ্ছে। এ দিকে উপজেলার বিস্তীর্ণ এলাকার শীতকালীন শাক-সবজি পানিতে নষ্ট হচ্ছে। বৃষ্টির পানি জমে, মরিচ, বেগুন, সিম, বাধাকপি, মূলা, লালশাক, পালনশাক, সহ নানা প্রকার সবজি এখন ক্ষেতেই নষ্ট হচ্ছে।

উপজেলার ভবরপাড়া গ্রামের করিম মল্লিকের ছেলে হযরত আলী মাষ্টার জানান আমার দেড় বিঘা আউস ধান আবাদ করেছিলাম কিন্ত চার দিনের বর্ষনে হাটু পানির নিচে হাবুডুবু খাচ্ছে। সরেজমিনে দেখা গেছে অনেকেই বিষ্টিতে ভিজে এসব সবজি তুলতে চেষ্টা করছে।

মেহেরপুর আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের উদ্যোগে প্রধানমন্ত্রীর জন্মদিন পালন

মেহেরপুর আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের উদ্যোগে প্রধানমন্ত্রীর জন্মদিন পালন করা হয়েছে। শনিবার সন্ধায় জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের কার্যালয়ে কেক কেটে জন্মদিন পালন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেণ মেহেরপুর সদর উপজেলা বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের সভাপতি তারিকুল ইসলাম রাজিব। প্রধান অতিথি হিসেবে ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রিয় নেতা মাফিজুর রহমান রন্টু,

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা সাধারণ সম্পাদক সুজাউদ্দিন সুজন, সাংগঠনিক সম্পাদক মিনারুল ইসলাম,জেলা জেলা ছাত্রলীগের সহ সভাপতি আসিফ প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুর পৌরসভার উদ্যোগে প্রধানমন্ত্রীর জন্মদিন পালন

মেহেরপুর পৌরসভার উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন পালন করা হয়েছে। শনিবার পৌরসভার সম্মেলন কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জন্মদিন উপলক্ষে প্রধানমন্ত্রীর দির্ঘায়ু কামনা করে দোয়া করে দোয়া ও কেক কাটা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন,সচিব তেীফিকুর

রহমান, কাউন্সিলর আল মামুন, রিপন, শাকিল রাব্বি ইভান, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সম্পাদক জাহিদ ইকবাল শিমন, মাহাবুল ডালিম, ইয়ানুচ প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুরে বাল্য বিবাহের অপরাধে দু’বর ও বরের পিতাকে অর্থদন্ড

মেহেরপুরের গাংনীতে বাল্য বিবাহ প্রতিরোধে পৃথক দ’◌ুটি অভিযানে দুই বর ও এক বরের পিতার উভয়কে মোট চল্লিশ হাজার টাকা অর্থদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালত। ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার (ভূমি) সুখময় সরকার পৃথক দু’টি অভিযান পরিচালনা করেন।

শুক্রবার দুপুরে গাংনীর রামকুষ্ণপুর ধলা গ্রামে বাল্য বিয়ে হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযানে বর মোঃ মোমিনুল ইসলামের দশ হাজার টাকা ও বরের পিতা আঃ হামিদের দশ হাজার টাকা করে অর্থদন্ড দেয়া হয়। ভ্রাম্যমান আদালত সুত্রে জানা গেছে মেহেরপুর সদর উপজেলার আঃ হামিদের ছেলে মোমিনুল ইসলাম (২২) এর সাথে গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামের স্কুল ছাত্রী মাহফুজা খাতুনের বিয়ে হচ্ছিল। এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট সুখময় সরকার সঙ্গীয় ফোর্স নিয়ে বিয়ের আসরেই তাদের ধরে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে অর্থদন্ডে দন্ডিত করেন এবং বিয়ে বন্ধ করেন।

অপরদিকে গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নির্দেশে উপজেলার হিন্দা গ্রামে শুক্রবার রাত সাড়ে ৯ টার সময় অভিযান চালিয়ে বাল্য বিয়ে করার অপরাধে ফিরোজ নামের এক জনকে ২০ হাজার টাকা অর্থদন্ড দেয়া হয়েছে । অনাদায়ে তিন মাসের বিনাশ্রম কারাদন্ডাদেশ দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট সুখময় সরকার।

তাকে গাংনী থানায় পুলিশ হেফাজতে রাখা হয়েছে। দন্ডিত ফিরোজ গাংনী উপজেলার ঢেপা গ্রামের বাবুল হোসেনের ছেলে। গত তিন দিন আগে হিন্দা গ্রামের প্রবাসী আব্বাস আলীর মেয়ে দশম শ্রেনীর ছাত্রী রোকসানার সাথে বিয়ে হয়। এ অপরাধে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৯ এর ৮ ধারায় তাদেরকে দন্ডিত করা হয়েছে।

গাংনী প্রতিনিধি:

মেহেরপুর জেলা ছাত্রলীগের প্রধানমন্ত্রীর জন্মদিন পালন

মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩ তম জন্ম বার্ষিকী পালন করা হয়েছে। শনিবার বিকালে জন্মদিন উপলক্ষে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন এর নেতৃত্বে একটি আনন্দ র্যালী বের করা হয়।

র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিন করে কমিউনিটি সেন্টার প্রাঙ্গনে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত আকারে বক্তব্য প্রদান করা হয়। বক্তব্য দেন জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সহ সভাপতি আদিফ হোসেন আসিফ, সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলকার নাঈম বাইজিদ, গাংনী পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক প্লাবন।

পরে জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। এসময় উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সহ সভাপতি আসাদুল্লাহ আল গালিব, দপ্তর সম্পাদক ইব্রাহীম আলী, উপ দপ্তর সম্পাদক কাউছার আলী প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি:

দুর্গা পূজায় নিরাপত্তা নিশ্চিত করণে মতবিনিময় সভা

মেহেরপুরে দুর্গা পূজা নিরাপত্তা নিশ্চিত করণে জেলা পুলিশের মতবিনিয় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেণ জেলা পুলশ সুপার এস এম মুরাদ আলী।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, শেখ মোস্তাফিজুর রহমান (সার্কেল), জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি ডা. রমেশ চন্দ্র নাথ, পরিবাকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস প্রমুখ।

ফেনসিডিলসহ রফিকুল ও পুলিশ কনস্টেবল আটক

চুয়াডাঙ্গার জীবননগর থেকে ফেনসিডিল সহ পুলিশ কনস্টেবল খায়রুল ইসলাম (৩৪) কে আটক করেছে বিজিবি। এ সময় তার সহযোগী রফিকুল ইসলাম
(৩৮) কেও আটক করা হয়।

উদ্ধার করা হয় ৫৭ বোতল ভারতীয় নিষিদ্ধ ফেনসিডিল। শুক্রবার সন্ধ্যায় জীবননগর উপজেলার শিংনগর গ্রাম থেকে তাদেরকে আটক করা হয়। আটককৃত পুলিশ কনস্টেবল খায়রুল ইসলাম মেহেরপুর শহরের ঈদগাহা পাড়ার মৃত আব্দুর রাজ্জাকের ছেলে। সে বর্তমানে খুলনা মেট্রোপলিটন পুলিশে কর্মরত আছেন।

আর রফিকুল ইসলাম সিংননগর গ্রামের ওয়াছেদ আলীর ছেলে। রফিকুল ইসলাম চুয়াডাঙ্গার স্থানীয় দৈনিক নতুন খবর পত্রিকার সম্পাদক আসাদুজ্জামান আসাদের ছোট ভাই। বিজিবি জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ৫৮ বিজিবির একটি দল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জীবননগর উপজেলার সিংনগর গ্রামে একটি বাড়িতে অভিযান চালায়।

এ সময় ওই বাড়ি থেকে ৫৭ বোতল ভারতীয় নিষিদ্ধ ফেনসিডিল সহ আটক করা হয় পুলিশ কনস্টেবল খায়রুল ইসলাম ও তার সহযোগী রফিকুল ইসলামকে। স্থানীয় রাজাপুর বিওপির নায়েক সুবেদার হুমায়ন কবির জানান, ফেনসিডিল সহ পুলিশ কনস্টেবলের সাথে আটক হওয়া রফিকুল চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক নতুন খবরের প্রকাশক সাদেকুর রহমান বকুল ও সম্পাদক আসাদুজ্জামান আসাদের ছোট ভাই।

পত্রিকা সম্পাদকের ভাই এ দাপটে সে দীর্ঘদিন ধরে মাদকের ব্যবসা চালিয়ে আসছিল। ঝিনাইদহের খালিশপুর ৫৮ বিজিবির সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম খাঁন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, আটককৃত পুলিশ কনস্টেবল খায়রুল ও সহযোগী রফিকুলকে মামলা দিয়ে রাতেই জীবননগর থানাতে সোর্পদ করা হয়েছে।

দর্শনা প্রতিনিধিঃ

ভৈরব ফিরছে চির চেনা রুপে

মর্তুজা ফারুক রুপক:
অবশেষে ভৈরবের কচুরিপানা অপসারণ করার কাজ শুরু হয়েছে। দির্ঘদিন ধরে কচুরিপানায় ঢেকে থাকা ভৈরব ফিরে পেতে যাচ্ছে তার চির চেনা রুপ। বর্ষার প্রভাব এ বছর কম, সে হিসেবে পানির প্রবাহ কম থাকলেও চোখে পড়ছে ভৈরবের সচ্ছ পানি। ইতিমধ্যে মেহেরপুর থানা ঘাট থেকে যাদবপুর গ্রামের শেষ সীমানা পর্যন্ত কচুরিপানা অপসারনণ করা হয়েছে। তবে জেলা প্রশসনের তথ্য অনুযায়ি মেহেরপুর জেলার শেষ সীমানা পর্যন্ত ধীরে ধীরে অপসারন করা হবে।

২০১৫ সালে প্রায় ৭৩ কোটি টাকা ব্যায়ে ২৯ কিলোমিটার ভৈরব পুনঃখনন করা হয়। খননের পর থেকে বিভিন্ন জলজ উদ্ভিদ ও কচুরিপানায় ঢাকা পড়েছিল ভৈরব। ফলে যে উদ্দেশ্য নিয়ে ভৈরব খনন করা হয়েছিল সেই উদ্দেশ্য ব্যাহত হয়েছিল।
ভৈরবের কচুরিপানা নিয়ে মেহেরপুর প্রতিদিনসহ বিভিন্ন গণ মাধ্যমে একাধিকবার সংবাদ প্রকাশিত হয়। তারপর থেকে প্রাথমিক পর্যায়ে মেহেরপুর সদর উপজেলা চেয়াম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম বিভিন্ন জন প্রতিনিধিদের নিয়ে সেচ্ছায় কচুরিপানা অপসারণের কাজ শুরু হয়।

তারপর থেকে কচুরিপানা অপসারণের কাজ চলতে থাকে। এর পর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম এর সহায়তায় অপসারণ কাজ আরও গতিশীল হয়।

কচুরিপানা অপসারণে মেহেরপুরের সাধারণ জনগন সাধুবাদ জানিয়েছে। সেই সাথে স্থানীয় জেলেরা ব্যাপক খুশি। সাইফুল, আলমগীর, আনোয়র সহ বেশ কয়েকজন জেলে জানান, আমাদের একমাত্র নদ ভৈরব। নদটি পুনঃখননের পর থেকে কুচুরিপানায় ঢাকা ছিল। এই কচুরিপানা অপসারণ করা হচ্ছে। এটা আমাদের জন্য খুবই সু- সংবাদ। আমরা এখান থেকে মাছ সংগ্রহ করে জীবিকা চালাতে পারবো।

কচুরিপানা অপসারণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম বলেন, দির্ঘদিন ধরে কচুরিপানায় ঢেকে থাকা ভৈরবকে নতুন রুপে ফিরিয়ে নিয়ে আসার উদ্যোগ গ্রহন করা হয়েছে। ইতিমধ্যে এর কাজ মেহেরপুরের থানা ঘাট থেকে যাদবপুর গ্রামের শেষ পর্যন্ত করা হয়েছে। জনপ্রশাসন প্রতিমনত্রী ফরহাদ হোসেন এর নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসকের তত্বাবধানে এই অপসারনের কাজ চলছে। মেহেরপুর জেলার শুরু থেকে শেষ সীমানা পর্যন্ত সব কচুরিপনা অপসারণ করা হবে। শুধু তায়ই নয় অপসারণের পর পরবর্তিতে যাতে কচুরিপানা বা অন্য কোন ক্ষতিকর উদ্ভিদ ভৈরবে জমতে না পারে সেজন্য তদারকি করা হবে।

এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম বলেন, ভৈরব আমাদের অনন্য সম্পদ। এটা রক্ষা করা আমাদের দায়িত্ব। কচুরিপানায় ঢেকে ভৈরবের সৌন্দর্য্য নষ্ট হয়ে যাচ্ছিল। প্রথমত আমি নিজস্ব উদ্যোগে জন প্রতিনিধিদের নিয়ে সাথে সেচ্ছায় কচুরিপানা অপসারণ করা শুরু করি। পরবর্তিতে জেলা প্রশাসন থেকে এই অপসারণ কাজ শুরু হয় এবং মেহেরপুরের সীমান পর্যন্ত সব অপসারণ করা হবে।

মাদার তেরেসা এ্যাওয়ার্ড পেলেন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]: